গোপনীয়

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

প্রকা/এইচআরএমডি-২/৩৭(২)(২৭)/২০১৭-২০১৮/৪০৬৩ তারিখ ঃ ১৫-০৫-২০১৮ খ্রিঃ

জনাব মোঃ ফেরদৌস আজম সরদার (এফ-৬৯৯)
ব্যবস্থাপক (উর্ধতন মুখ্য কর্মকর্তা)
বাংলাদেশ কৃষি ব্যাংক
ধামরাই শাখা, ঢাকা।

বিষয়ঃ- শাখার পারফরমেন্স ও অভ্যন্তরীণ কর্মপরিবেশের জন্য সতর্কীকরণ প্রসঙ্গে।

যেহেতু আপনি জনাব মোঃ ফেরদৌস আজম সরদার (এফ-৬৯৯), ব্যবস্থাপক (উর্ধতন মুখ্য কর্মকর্তা) বিকেবি, ধামরাই শাখা, ঢাকায় কর্মরত আছেন। বিগত ১৪-০৫-২০১৮ ইং তারিখে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক এবং পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগের মহাব্যবস্থাপক মহোদয় আপনার শাখা পরিদর্শনে নিম্নবর্ণিত অসঙ্গতি লক্ষ্য করেন ঃ

(ক) অত্যন্ত সম্ভাবনাময় হওয়া সত্বেও শাখার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন অত্যন্ত হতাশাজনক;

(খ) ব্যাংক শাখার অবস্থান দেখানোর জন্য কোন নির্দেশক বোর্ড নেই; এবং

(গ) শাখার অভ্যন্তরীণ কর্মপরিবেশ মোটেও সন্তোষজনক নয়।

(ঘ) শাখায় পর্যাপ্ত ফ্লোর স্পেস থাকা সত্বেও আসবাবপত্র, কম্পিউটার সামগ্রী, নথিপত্র এলোমেলোভাবে রাখা ও ফ্লোরে ময়লা/আবর্জনা এবং কর্মপরিবেশ অপরিচ্ছন্ন ও অস্বাস্থ্যকর।

০২। এমতাবস্থায়, বর্ণিত অসঙ্গতির কারণে আপনাকে কঠোরভাবে সতর্ক করা হলো। উল্লেখিত বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন ও ব্যবস্থা গ্রহনান্তে পত্র প্রাপ্তির ০৭ (সাত) টি কর্মদিবসের মধ্যে সরাসরি অত্র বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো। উল্লেখ্য শাখায় পর্যাপ্ত জায়গা থাকা সত্বেও সুষম ব্যবস্থাপনার অভাবে অভ্যন্তরীণ কর্মপরিবেশ বিঘ্নিত হচ্ছে। পরবর্তীতে শাখার এহেন অব্যবস্থাপনা ব্যাংকের কোন নির্বাহীর দৃষ্টিগোচর হলে, আপনার বিরুদ্ধে তাৎক্ষণিকভাবে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।

০৩। ৩০ জুন, ২০১৮ ভিত্তিক শাখার কর্মপরিবেশ ও সকল লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সন্তোষজনক না হলে আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।

আদেশক্রমে-

১৫/০৫/২০১৮

(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/এইচআরএমডি-২/৩৭(২)(২৭)/২০১৭-২০১৮/৪০৬৩(৬) তারিখ ঃ ১৫-০৫-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রশাসন মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
০৪। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (কৈফিয়তনামাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
০৬। নথি/মহানথি।

১৫/০৫/২০১৮

(মোঃ জাহাঙ্গীর আলম)
মুখ্য কর্মকর্তা